দৈনিক
ইনকিলাব

পৃষ্ঠা ২ 6 SEP 2009 কলাম ৪

ক্যাম্পাসে পুলিশ মোতায়েন

# বগুড়া আযিযুল হক কলেজে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষে আহত ৩

বগুড়া থেকে স্টাফ রিপোর্টার ঃ দলীয় আধিপত্য বিস্তারের ঘটনায় অভ্যন্তরীণ কোন্দলের জের ধরে বগুড়া সরকারী আযিযুল হক কলেজে ছাত্র লীগের দুই গ্রুপে সংঘর্ষের ঘটনা ঘটেছে। সংঘর্ষে কলেজ কমিটির আহবায়ক গ্রুপের আঘাতে তিনজন ছাত্র আহত হয়েছে। গতকাল (শনিবার) সন্ধ্যা সাড়ে ৭টায় এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে, কলেজের তিতুমীর ও মুন হল এলাকায় ছাত্রলীগ কলেজ কমিটির আহবায়ক আবু জাফর মোঃ মাহমুদুননবী রাসেল-এর নেতৃত্বে একটি গ্রুপ বহিরাগত কয়েকজনকে নিয়ে এটাই নামে একটি ছাত্রাবাসে ঢুকে পড়ে। এসময় ওই ছাত্রাবাসে অবস্থান নেয়া যুগ্ম আহবায়ক গ্রুপের কয়েকজন সদস্যের ঘরে প্রবেশ করে আসবাবপত্র ভেঙে তছনছ করেছে। এছাড়াও কলেজ কমিটির কয়েকজন ছাত্রলীগ সদস্যকে বেধড়ক মারপিট করে। মারপিটে গুরুতর আহত হয় শহরতলীর পূর্ব পালশা এলাকার ইসমাইল হোসেনের ছেলে সরকারী আযিযুল হক কলেজে অধ্যয়নরত দর্শন অনার্স তৃতীয় বর্ষের ছাত্র আবু হান্নান (২৫)। বর্তমানে সে বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এছাড়াও আহত হয় ছাত্রলীগ কর্মী একই কলেজে ব্যবস্থাপনা বিভাগে অধ্যয়নরত মোঃ কবেল (২৫) ও হিসাব বিজ্ঞান বিভাগে অধ্যয়নরত আব্দুর রাজ্জাক (২৫)। আহত ছাত্রলীগ কর্মীরা অভিযোগ করে বলেন, তাণ্ডব চালানোর সময় তারা ছাত্রাবাসের ভিতর থেকে নগদ টাকা, মোবাইল সেট ও দামী কাপড় চোপড় লুট করে নিয়ে যায়। আহত ছাত্রলীগ নেতা ও কর্মীরা আরো জানায়, কলেজ কমিটির অভ্যন্তরীণ কোন্দলের জের ধরে বিগত কয়েক মাস যাবৎ দুই গ্রুপে সংঘর্ষের ঘটনা ঘটেছে। গতকাল এ ঘটনা ঘটার পর উভয় গ্রুপের মাঝে টান টান উত্তেজনা চলছিল। বগুড়া সদর থানা পুলিশের একটি সূত্র জানায়, সন্ধ্যার পর কলেজ ছাত্র লীগের আহবায়ক আবু জাফর মোঃ মাহমুদুননবী রাসেল ও যুগ্ম আহবায়ক কামরুল হুদা উজ্জল এর অপর একটি গ্রুপ পৃথক দুটি স্থানে অবস্থান নিতে থাকে। মাঝখানে অবস্থান নেয় পুলিশ। গতকাল রাত সাড়ে ৮টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগের উভয় গ্রুপের মাঝে টান টান উত্তেজনা বিরাজ করছিল।